

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩, ইফাটন গার্ডেন রোড, ঢাকা
<http://www.dwa.gov.bd>

স্মারক নং-৩২.০১.০০০০.০১৮.২৯.০৫৩.২৩-১৮৬

তারিখঃ ২১/০৮/২০২৩


বিষয়ঃ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২২ – ২০২৩ অর্থবছরের
বিশেষ অনুদান প্রাপ্ত সমিতির মধ্যে চেক বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক নিবন্ধনকৃত স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের মধ্যে ২০২২-২০২৩ অর্থবছরের বরাদ্দকৃত বিশেষ অনুদানের চেক বিতরণ অনুষ্ঠান আগামী ২৭ আগস্ট ২০২৩ তারিখ সকাল ১১.০০ টায় বাংলাদেশ শিশু একাডেমি, দোয়েল চত্বর সড়ক, ঢাকা এর অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দ্রা এমপি অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করে চেক বিতরণের জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

এমতাবস্থায়, চেক বিতরণী অনুষ্ঠানে সংযুক্ত তালিকায় বর্ণিত সংশ্লিষ্ট জেলার বিশেষ অনুদান প্রাপ্ত সমিতির ০১ জন করে প্রতিনিধি (সভানেত্রী অথবা সম্পাদিকা) উপস্থিত থেকে চেক গ্রহণের বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। সমিতির সদস্যদের চেক গ্রহণের জন্য নিম্নোক্ত কাজ সম্পাদন করতে হবে।

- ১। বিশেষ অনুদান প্রাপ্ত সমিতির প্রতিনিধিদের (সভানেত্রী/সম্পাদিকা) অনুষ্ঠান স্থলে উপস্থিত হয়ে সকাল ৯.৩০ টার মধ্যে রেজিস্ট্রেশন সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে হবে।
- ২। বিশেষ অনুদান প্রাপ্ত সমিতির সাথে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প বিশেষ অনুদান বিতরণ সংক্রান্ত চুক্তিনামা স্বাক্ষরপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালকের কার্যালয়ে সংরক্ষণ করতে হবে।
- ৩। চেক গ্রহণের জন্য সমিতি প্রতিনিধির সীল, সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, মবিঅ কর্তৃক চেক গ্রহীতার সত্যায়িত নমুনা স্বাক্ষর, চুক্তিনামার ফটোকপি এবং ১টি করে ১০/- (দশ) টাকা মূল্যের রাজস্ব স্ট্যাম্প সঞ্চে আনার জন্য তাদেরকে অবহিত করতে হবে।

সংযুক্তি: বিশেষ অনুদান প্রাপ্ত সমিতির তালিকা।


২১/০৮/২০২৩

(সৈয়দা রোকেয়া জেসমিন)

উপপরিচালক (রেজিঃ ও জনসংযোগ)

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

✓ উপপরিচালক (সকল জেলা)
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। ওয়েব সাইট কর্মকর্তা, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অতিরিক্ত পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।